যায়যায়দিন

তারিখঃ ১৯-০৭-২০২৩ (পৃঃ ১২)

# আইওটি ভিত্তিক নির্ভুল কৃষির সম্ভাব্যতা অধ্যয়নে ব্রি'র মাঠ পরিদর্শন

■ গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে বাংলাদেশে টেকসই ফসল উৎপাদনের জন্য আইওটি ভিত্তিক নির্ভুল কৃষির সম্ভাব্যতা অধ্যয়নের জন্য মাঠ পরিদর্শন মঙ্গলবার ইনস্টিটিউটের এফএমপিই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ), বাংলাদেশের অর্থায়নে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর সমন্বয়ে, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ, বারি, গাজীপুর ও নোডিস ডিজিটাল লিমিটেড, ঢাকা এ প্রকল্প বাস্তবায়ন করছে। বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের বিজ্ঞানী, বিএআরসি এবং নোডিস ডিজিটাল লিমিটেড, ঢাকা এর প্রতিনিধিগণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

বারি'র মহাপরিচালক ডক্টর দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ডক্টর শেখ মোহাম্মদ বখতিয়ার। বিশেষ অতিথি ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ডক্টর ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ডক্টর দিলোয়ার আহমদ চৌধুরী, কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর পরিচালক (শস্য ও প্রাকৃতিক সম্পদ) ডক্টর আককাছ আলী।